ঝিনাইদহে জাপা প্রার্থীদের নির্বাচনী প্রচারণা চলছে, অবাধ ও সুষ্ঠু নির্বাচনের আশা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণের দিন যতই ঘনিয়ে আসছে ঝিনাইদহের ৪ টি আসনে নির্বাচনী প্রচারণা ততই বাড়ছে। আওয়ামী লীগ, সতন্ত্র প্রার্থীদের পাশাপাশি নির্বাচনী প্রচারণা জোরেসোরেই চালিয়ে যাচ্ছে জাতীয় পার্টির মনোনীত প্রার্থীরা। ৪ টি আসনেই তাদের প্রার্থীরা সকাল থেকে রাত অবধি ভোটারদের দ্বারে দ্বারে ঘুরছেন।

বুধবার সকালে ঝিনাইদহ ২ আসনের জাতীয় পার্টির প্রার্থী মাহফুজুর রহমান শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড এলাকায় গণসংযোগ করেন। সেসময় ভোটারদের মাঝে উন্নয়নের নানা প্রতিশ্রুতি দেন। আগামী ৭ জানুয়ারি লাঙ্গল মার্কায় ভোট প্রার্থনা করেন। এছাড়াও তিনি দিনভর ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলা তিনি নানা শ্রেণী পেশার মানুষের সাথে গণসংযোগ করেন।

সেসময় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ক্যাপ্টেন আব্দুর রহমান হিমেল, বাংলাদেশ ক্রিকেট বোর্ডের আম্পায়ার আলী পাটোয়ারী, বিশিষ্ট ব্যবসায়ী সাজ্জাদ রনি, বিপিএল’র ক্রিকেট খেলোয়াড় নিজাম উদ্দিন মানিকসহ জাতীয় পার্টির নেতাকর্মীরা।

ঝিনাইদহে পোলিং এজেন্টদের প্রশিক্ষণ প্রদান

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট গ্রহণের পোলিং এজেন্টদের প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। আজ বুধবার সকালে শহরের কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মিলনায়তনে এ প্রশিক্ষণের আয়োজন করে জেলা নির্বাচন অফিস।

এতে জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, জেলার সিনিয়র নির্বাচন কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, সহকারী রিটার্নিং কর্মকর্তা মোঃ কামরুজ্জামানসহ অন্যান্যরা এজেন্টদের প্রশিক্ষণ প্রদাণ করেন।

জেলার ৪ টি আসনের ২৬ জন প্রার্থীর ১৩০ জন প্রধান এজেন্টকে নির্বাচনে ভোটগ্রহণে করণীয় নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করা হয়। শেষে নির্বাচন অবাধ ও সুষ্ঠু করতে পোলিং এজেন্টদের শপথ করান জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় চাচা ভাতিজা নি*হত

ঝিনাইদহে ট্রাক চাপায় পাটকাঠি ব্যবসায়ী চাচা ও ভাতিজা নিহত হয়েছে।আজ বুধবার (৩ জানুয়রি) ভোরে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের সদর উপজেলার পাচঁমাইল নামক এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে।

ঝিনাইদহ সদর থানার পুলিশ জানায়, আজ বুধবার ভোরে সদর উপজেলার রাঙ্গীয়ারপোতা গ্রামের পাটকাঠি ব্যবসায়ী আলী হোসেন (৬০) ও তার ভাতিজা মহিদুর রহমান (২৮) নসিমন নিয়ে পাটকাটী আনতে ফরিদপুরে যাচ্ছিলো। ঘটনাস্থলে পৌঁছালে নসিমনটি নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার উপর উল্টে যায়। সেসময় পিছন থেকে একটি ট্রাক তাদেরকে চাঁপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই চাচা ও ভাতিজা নিহত হয়। পরে তাদের সাথে থাকা অন্য আলমসাধুর যাত্রীরা মরদেহ নিয়ে বাড়িতে পৌছে দেয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দীন জানান, পুলিশ পাঠিয়ে তাদের মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

ঝিনাইদহে নৌকার প্রার্থী সমি’র নির্বাচনী পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-২ আসনের আওয়ামী লীগ মনোনিত নৌকা প্রতীকের প্রর্থীর ঘামঝরা প্রচার প্রচারণা চলছে। নির্বাচনে বিজয় ছিনিয়ে নিতে ভোট প্রার্থনা করতে গ্রামে গ্রামে ছুটছেন তিনি। পাড়া-মহল্লা, গ্রাম-গঞ্জে ভোটারদের সাথে চলছে গণসংযোগ ও পথসভা।

ঝিনাইদহের নৌকা প্রতীকের প্রার্থী তাহজিব আলম সিদ্দিকী সমি বিভিন্ন নির্বাচনী পথসভায় বিগত দিনের উন্নয়নের ধারা বাহিকতা ধরে রাথতে এবং বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলদেশ বিনির্মাণে নৌকা মার্কায় ভোট দেওয়ার জন্য সকলের নিকট বিনীত অনুরোধ করছেন। তার পথসভায় তৃনমূল আওয়ামী লীগের নেতা কর্মীরা গণজোয়ার সৃষ্টি করছে। তার নেতাকর্মীরা পাড়ায় মহল্লায় সকাল থেকে গভীর রাত পর্যন্ত নির্বাচনী প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন। সকলের দ্বারে দ্বারে গিয়ে ভোট ভিক্ষা করছেন।

আজ মঙ্গলবার বিকালে হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের চাদপুর হাইস্কুল মাঠে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ফজলু মালিতার সভাপতিত্বে এক পথ সভায় বক্তব্য রাখেন তাহজীব আলম সিদ্দিকী সমি এমপি।

সেসময় উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, এমপির একান্ত সহকারী রওশন আলী, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান কামাল হোসেনসহ ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। সভার সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রশিদুল্লাহ। এর আগে পাগলা কানাই ইউনিয়নে পথসভা করেণ তিনি। তিনি প্রতিটি পথসভায় আগামী ৭ জানুয়ারী জননেত্রী শেখ হাসিনার দেওয়া নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহবান জানান।

ঝিনাইদহে ট্রাক চাপায় নারী বাইকার নি*হত

ঝিনাইদহ সদর উপজেলার তেতুঁলতলা বাজারে ট্রাক চাপায় রুলী খাতুন
(৩০) নামের এক নারী বাইকার নিহত হয়েছে।

গতকাল সোমবার রাত আনুমানিক সাড়ে ১০ টার সময় ঝিনাইদহ-যশোর মহাসড়কের তেতুলতলা বাজার নামক স্থানে এ দুর্ঘটনাটি ঘটে। নিহত নারী সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের বড় নাচনা গ্রামের আনছার আলীর মেয়ে। গতকাল সোমবার মধ্যরাতে পুলিশ তার লাশ উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে আসে।

প্রত্যক্ষদর্শী রাকিব হাসান জানান, রাতে কালীগঞ্জ থেকে মোটরসাইকেল যোগে রুলী খাতুন বড় নাচনা গ্রামের বাড়িতে ফিরছিলেন। পথে অজ্ঞাত একটি ট্রাক তাকে পিষ্ট করে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলে তিনি নিহত হন। দুর্ঘটনায় রুলী খাতুনের মাথা ছিন্ন ভিন্ন হয়ে যায়।

বারোবাজার হাইওয়ে থানার অফিসার ইনচার্জ আদম আলী জানান, ঝিনাইদহ-যশোর মহাসড়কের তেতুলতলা বাজার নামক এলাকায় একটি দুর্ঘটনায় রুলী নামের এক নারী নিহত হয়েছে। নিহতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য রাতেই ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়।

এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

ঝিনাইদহে স্বতন্ত্র প্রার্থী ঈগল প্রতীকের জোর প্রচার

প্রচারণ

জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-২ আসনের প্রার্থীদের চলছে প্রচার প্রচারণা। ভোট প্রার্থনা করতে গ্রামে গ্রামে ছুটছেন প্রার্থীরা। পাড়া-মহল্লা, গ্রাম-গঞ্জে ভোটারদের সাথে চলছে গণসংযোগ। ঝিনাইদহে স্বতন্ত্র প্রার্থী ঈগল প্রতীকের নাসের শাহরিয়ার জাহেদী মহুলের নির্বাচনি পথসভায় ভোটারদের গণজোয়ার সৃষ্টি হয়েছে। তিনি পাড়ায় মহল্লায় সকাল থেকে গভীর রাত পর্যন্ত নির্বাচনী এলাকায় গণসংযোগ করছেন।

আজ মঙ্গলবার বিকালে সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা হাইস্কুল মাঠে এক পথ সভায় বক্তব্য রাখেন তিনি।

সেসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ, কালীচরণপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম ও তার ছোট ভাই প্রজ্জ্বলসহ বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। পরে শহরে ঈগল পাখি মার্কায় ভোট চেয়ে নির্বাচনী মিছিল অনুষ্ঠিত হয়।

এছাড়াও সন্ধ্যায় সদর উপজেলার বাসুদেবপুর বাজারে নির্বাচনী পথ সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি আগামী ৭ জানুয়ারী ঈগল পাখি মার্কায় সকলের নিকট ভোট প্রার্থনা করেন।

ঝিনাইদহে নৌকার পক্ষ নেওয়ায় ইউপি চেয়ারম্যানকে প্রাণনাশের হুমকির অভিযোগ

ঝিনাইদহ-১(শৈলকুপা) আসনে আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী আব্দুল হাইয়ের কর্মী ও হাকিমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আওয়ামী লীগ নেতা শিকদার ওয়াহিদুজ্জামান ইকুকে প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে ট্রাক প্রতীকের স্বতন্ত্র

প্রার্থী নজরুল ইসলাম দুলালের বিরুদ্ধে।

এঘটনায় জীবনের নিরাপত্তা চেয়ে শৈলকুপা থানায় জিডি করেছেন ওই ভুক্তভোগী। শিকদার ওয়াহিদুজ্জামান ইকু প্রয়াত উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা শিকদার মোশাররফ হোসেন ও শিকদার শেফালী বেগমের পুত্র এবং শৈলকুপা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

জিডি সূত্রে জানা গেছে,শৈলকুপা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও হাকিমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শিকদার ওয়াহিদুজ্জামান ইকু প্রতীক বরাদ্দের পর থেকেই ঝিনাইদহ-১(শৈলকুপা) আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী আব্দুল হাইয়ের নৌকা প্রতীকের পক্ষে প্রচার-প্রচারণা চালিয়ে যাচ্ছেন। এতে করে ওই এলাকায় নৌকা প্রতীকের পক্ষে গণজোয়ার তৈরি হয়েছে। সেজন্য তাঁকে নিজ শিবিরে ভেড়ানোর জন্য একের পর এক প্রলোভন দেখাতে থাকে ট্রাক প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম দুলাল ও তাঁর স্ত্রী মুনিয়া আফরিন। এমনকি মোটা অংকের টাকার প্রলোভন পর্যন্ত তাঁকে দেখানো হয়।

ওই সকল প্রস্তাবে রাজি না হওয়ায় ইকুকে প্রাণনাশের হুমকি দিয়েছেন স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম দুলাল ও তাঁর স্ত্রী মুনিয়া আফরিন। তারপর থেকেই ভুক্তভোগী ইউপি চেয়ারম্যান ইকুসহ তাঁর অনুসারীরা চরম নিরাপত্তাহীনতায় রয়েছে।

এ সকল অভিযোগের বিষয়ে জানতে ট্রাক প্রতীকের প্রার্থী নজরুল ইসলাম দুলালের ব্যবহৃত মোবাইলে একাধিকবার কল করলেও তিনি রিসিভ করেননি।

এ ব্যাপারে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলাম চৌধুরী জানান, বিষয়টি তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে ভোট গ্রহনের দায়িত্ব

পালনের অফিসার নিয়োগে অনিয়মের অভিযোগ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের দায়িত্ব পালনের পোলিং অফিসার, সহকারী প্রিজাইডিং ও প্রিজাইডিং অফিসার নিয়োগে অনিয়মের অভিযোগ উঠেছে।

দায়িত্ব বন্টনে অবহেলা হয়েছে বলেও এসব ভুক্তভোগীর মনে করছেন। এবার ৮ম গ্রেডের চাকুরীজীবীকে দেওয়া হয়েছে পোলিং অফিসার। আবার সরকারী-বেসরকারী অনেক ৯ম ও ১০ম গ্রেডধারীদের দেওয়া হয়েছে সহকারী প্রিজাইডিং ও প্রিজাইডিং অফিসার। আবার বেসরকারি কলেজ শিক্ষকদের অবমূল্যায়ন করা হয়েছে বলে অভিযোগ উঠেছে ।

যারা দীর্ঘদিন যাবৎ প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করে আসছেন সেসব সিনিয়র প্রভাষকদের এবার দেওয়া হয়েছে সহকারী প্রিজাইডিং অফিসার। কলেজের শারীরিক শিক্ষা’র শিক্ষক ও সিনিয়র গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানের শিক্ষক যারা বর্তমানে ৮ম গ্রেডধারী তাদেরকেও দেওয়া হয়েছে পোলিং অফিসার। অথচ সরকারী ও বেসরকারী স্কুল ও অন্যান্য চাকুরীজীবীদের ৯ম ও ১০ম গ্রেডধারী সহকারী শিক্ষকদের সহকারী প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক আঃ রউফ ডিগ্রি কলেজ, আমেনা খাতুন ডিগ্রি কলেজসহ একাধিক কলেজের বেশ কয়েকজন ভুক্তভোগী কলেজ শিক্ষক ও প্রভাষকরা এই অভিযোগ করেন। তারা ওসব দপ্তরে গিয়ে দীর্ঘক্ষণ বসে থেকে উপজেলা নির্বাহী অফিসার কে না পেয়ে ক্ষোভ নিয়ে ফিরে এসেছেন।

এবিষয়ে জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ রোকুনুজ্জামানের নিকট জানতে চাইলে তিনি বলেন, এবিষয়ে আমি কিছু জানিনা সবকিছু উপজেলা নির্বাহী অফিস করেছেন। বিষয়টি নিয়ে উপজেলা সদর নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী বলেন, এটা রাষ্ট্রীয় দায়িত্ব যার যেখানে দেওয়া হয়েছে সেটা তাকে পালন করতে হবে। যদি সমস্যা থাকে তাহলে আমর কাছে বলুক। বিষয়টি নিয়ে বেসরকারি কলেজ শিক্ষকদের মধ্যে ক্ষোভ ও অসন্তোসের সৃষ্টি হয়েছে।

উল্লেখ রবিবার থেকে ঝিনাইদহ সদর উপজেলায় গ্রহন কর্মকর্তাদের প্রশিক্ষণ শুরু হয়েছে। সদরে ১৫০টি কেন্দ্রের জন্য প্রিজাইডিং

অফিসাদের প্রথম প্রশিক্ষন সম্পন্ন করা হয়েছে আজ সোমবার সহকারী প্রিজাইডিং ও পোলিং অফিসারদের প্রশিক্ষণ সমাপ্ত হবে।

ঝিনাইদহে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতিকে নৌকার সমর্থকরা মারপিট করার অভিযোগে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের গান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোঃ তোফাজ্জেল হোসেন বিশ্বাসকে নৌকার সমর্থকরা বেধরক মারপিট করার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী।

আজ রোববার দুপুরে মুসা মিয়া আইসিটি সেন্টারে এ সংবাদ সম্মেলন করেন তিনি। এসময় অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মোঃ তোফাজ্জেল হোসেন বিশ্বাস লিখিত বক্তব্যে বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ আমি স্বতন্ত্র প্রার্থীর ঈগল প্রতীকের প্রচার প্রচরনায় অংশ গ্রহণে বাধা সৃষ্টিসহ বিভিন্ন ধরনের ভয়-ভীতি হুমকি দিয়ে আসছে।

গতকাল শনিবার সন্ধ্যায় আমি মাইক্রোবাস যোগে শংকরপুর ওমরের চায়ের দোকানের সামনে গিয়ে গাড়ি থেকে নামার সাথে সাথেই চন্ডিপুর গ্রামের জোবায়ের মির, মির কামরুজ্জামান, হেলাল আহম্মেদ ও আজিজুল ইসলামসহ বেশ কয়েকজন এসে আমাকে কলার চেপে ধরে এলোপাতাড়িভাবে কিল-ঘুষি মেরে ফেলিয়ে দিয়ে বেদনাযুক্ত জখম করে। তারা আমার গাঁয়ে থাকা মুজিব কোর্ট টেনে ছিড়ে ফেলে। তখন ওর আশপাশ থেকে লোকজন ছুটে এলে তারা বলে এরপর থেকে আমি স্বতন্ত্র প্রার্থীর প্রচার প্রচরনায় গেলে আমার হাত পা ভেঙ্গে ফেলাসহ আমার স্ত্রী সন্তানদের খুন করবে বলে ভয়ভীতি ও হুমকী দিয়ে চলে যায়। বর্তমানে আমি স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী প্রচার প্রচরনায় অংশ নিতে ভয় পাচ্ছি। পাশাপাশি স্ত্রী সন্তানদের নিয়ে বাড়ীতে জান-মালের নিরাপত্তায়

ভুগছি। আমি মাননীয় প্রধান মন্ত্রীর নিকট এর বিচার চাচ্ছি। এঘটানায় ঝিনইদহ সদর থানায় শনিবার রাতে একটি অভিযোগ দায়ের করেছি। যার নম্বর-১৯২৭। এব্যাপারে পুলিশের জোরালো ভূমিকা রাখার দাবি জানাচ্ছি।

কোটচাঁদপুরে সাপ্তাহিক দিগন্তবাণী ১৪তম বর্ষ পদার্পণ অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা থেকে প্রকাশিত সাপ্তাহিক দিগন্তবাণী পত্রিকার ১৪তম বর্ষে পদাপর্ন উপলক্ষে আজ (শনিবার) কোটচাঁদপুরে এক পাঠক সমাবেশ অনুষ্ঠিত হয়।

পত্রিকার সম্পাদক আলহাজ্ব মুহাঃ শাহ জামানের সভাপতিত্বে স্থানীয় পৌর পাঠাগার মিলনায়তনে অনুষ্ঠানে প্রধান অতিধি ছিলেন সাবেক সরকারি কলেজ অধ্যক্ষ আলহাজ্ব মোঃ মহসীন আলী।

বিশেষ অতিথি ছিলেন কোটচাঁদপুর আলীয়া কামিল মাদরাসার উপাধ্যক্ষ মুফতি মাওঃ আসাদুজ্জামান শের আলী,স্থানীয় পৌরসভার প্যানেল মেয়র মোঃ জাহিদ হোসেন,কবি ও স্থানীয় ইতিহাস লেখক মোঃ আশরাফ উদ্দিন,সাবেক খাদ্য কর্মকর্তা কাজী আব্দাস সালাম, জাতীয় পার্টি উপজেলা সভাপতি আব্দুল মাজেদ,কলেজ শিক্ষক (অব:) মাওঃ মোঃ অলিয়ার রহমান, কলেজ শিক্ষক মোঃ আলতাফ হোসেন শিক্ষক মোঃ লিয়াকত আলী,শিক্ষক ও আলোর দিগন্ত কোচিং সেন্টার পরিচালক সিলভিনা পারভিন কেকা,শিক্ষিকা পারভিন আক্তার,ব্যবসায়ী মনোজ কুমার শ্মর্মা,মোঃ আজমল হোসেন জোয়ার্দ্দার,সাংবাদিক মোঃ মঈন উদ্দিন, সাংবাদিক আব্দুল্লাহ বাশার,রমজান আলী,রেজাউল ইসলাম রেজা,সাহেব আলী মাতুব্বর,জিজি,নাসিফ আব্দাল্লাহ মোহাম্মদ এবং অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন মোঃ আব্দুল হালিম। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাংবাদিক মোঃ আরিফ হোসেন।